

## **■** সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৪০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৫৫, ৩০৫৭]

৪৮/ জিহাদ (كتاب الجهاد والسير)

পরিচ্ছেদঃ ১৯১৯. কিভাবে শিশু-কিশোরদের নিকট ইসলাম পেশ করা হবে?

باب كَيْفَ يُعْرَضُ الإِسْلاَمُ عَلَى الصَّبِيّ

## আরবী

حَدَّنَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد، حَدَّنَنَا هِشَامٌ، أَخْبَرِنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، أَخْبَرَنِي سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عُمَرَ ـ رضى الله عنهما ـ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ عُمَرَ انْطَلَقَ فِي رَهْطٍ مِنْ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عُمَرَ الله عليه وسلم مَع النَّبِيِّ صلى الله عليه وسلم قِبَلَ ابْنِ صَيَّادِ حَتَّى وَجَدُوهُ يَلْعَبُ مَعَ الْفِلْمَانِ عِنْدَ أُطُم بَنِي مَغَالَة، وَقَدْ قَارَبَ يَوْمَئِذِ ابْنُ صَيَّادِ يَحْتَلِمُ، وَلَمْ يَشْعُرْ حَتَّى ضَرَبَ النَّبِيُّ صلى الله عليه وسلم ظَهْرَهُ بِيدِهِ ثُمَّ قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَتَشْهَدُ أَنِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الله عليه وسلم الله عليه وسلم أَتشْهُدُ أَنِي رَسُولُ اللهِ عَليه وسلم أَتشْهُدُ أَنِي رَسُولُ اللهِ عليه وسلم أَتشْهُدُ أَنِي مَنَادِ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم أَتشْهُدُ أَنِي رَسُولُ النَّبِيُّ صلى الله عليه وسلم أَتشْهُدُ أَنِي مَنَادِ لَلْبَيْ صلى الله عليه وسلم أَتشْهُدُ أَنِي صلى الله عليه وسلم النَّبِيُّ صلى الله عليه وسلم النَّبِيُّ صلى الله عليه وسلم " فَلُطَ عَلَيْكَ الأَمْرُ ". قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إنِّي قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " اخْطَ عَلَيْكَ الأَمْرُ ". قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " انْ يَكُنُهُ فَلَنْ تُسلَّطَ عَلَيْكَ الأَمْرُ ". قَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " اخْساً فَلَنْ تُعدُو وَالله عليه وسلم " اخْساً فَلَنْ تُسلَّطَ عَلَيْه، وَإِنْ لَمْ يَكُنُهُ فَلَا خَيْرَ لَكَ فِي قَتْلِهِ ".

## বাংলা

২৮৪০। আবদুল্লাহ ইবনু মুহাম্মদ (রহঃ) ... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, উমর (রাঃ) কয়েকজন সাহাবীসহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ইবনু সাইয়াদের কাছে যান। তাঁরা তাকে বনী মাগালার টিলার উপর ছেলে-পেলেদের সঙ্গে খেলা-ধুলা করতে দেখতে পান। আর এ সময় ইবনু সাইয়াদ বালিগ হওয়ার নিকটবর্তী হয়েছিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর (আগমন সম্পর্কে) সে কোন কিছু টের



না পেতেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পিঠে হাত দিয়ে মৃদু আঘাত করলেন। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (হে ইবনু সাইয়াদ!) তুমি কি সাক্ষ্য দাও যে, আমি আল্লাহর প্রেরিত রাসূল? তখন ইবনু সাইয়াদ তাঁর প্রতি তাকিয়ে বলল, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি উদ্মি লোকদের রাসূল। ইবনু সাইয়াদ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলল, আপনি এ সাক্ষ্য দেন যে, আমি আল্লাহর রাসূল? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, আমি আল্লাহ্ তা'আলা ও তাঁর সকল রাসূলের প্রতি ঈমান এনেছি।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে প্রশ্ন করলেন, তুমি কি দেখ? ইব্ন সাইয়াদ বলল, আমার নিকট সত্য সংবাদ ও মিথ্যা সংবাদ সবই আসে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, প্রকৃত অবস্থা তোমার নিকট সত্য-মিথ্যা মিশ্রিত হয়ে আছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বললেন, আচ্ছা! আমি আমার অন্তরে তোমার জন্য কিছু কথা গোপন রেখেছে (বলতো তা' কি?) ইবনু সাইয়াদ বলল, তা' হচ্ছে ধুয়া। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আরে থাম, তুমি তোমার সীমার বাইরে যেতে পার না। উমর (রাঃ) বলে উঠলেন, ইয়া রাসূলাল্লাহ! আমাকে অনুমতি দিন, আমি তার গর্দান উড়িয়ে দেই।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি সে প্রকৃত দাজ্জাল হয়, তবে তুমি তাকে কাবু করতে পারবে না আর যদি সে দাজ্জাল না হয়, তবে তাকে হত্যা করে তোমার কোন লাভ নেই। ইবনু উমর (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও উবাই ইবনু কাব (রাঃ) উভয়ে সে খেজুর বৃক্ষের নিকট গমন করেন, যেখানে ইবনু সাইয়াদ অবস্থান করছিল। যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে পৌঁছলেন, তখন তিনি খেজুর ডালের আড়ালে চলতে লাগলেন। তাঁর ইচ্ছা ছিল যে, ইবনু সাইয়াদের অজ্ঞাতসারে তিনি তার কিছু কথা শুনে নিবেন। ইবনু সাইয়াদ নিজ বিছানা পেতে চাঁদর মুড়ি দিয়ে শুয়েছি এবং কি কি যেন গুন করছিল। তার মা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দেখে ফেলেছিল যে, তিনি খেজুর বৃক্ষের আড়ালএ আসছেন।

তখন সে ইবনু সাইয়াদকে বলে উঠল, হে সাফ! আর এ ছিল তার নাম। সে দ্রুত উঠে দাঁড়াল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মহিলাটি যদি তাকে নিজ অবস্থায় ছেড়ে দিত, তবে তার ব্যাপারটা প্রকাশ পেয়ে যেত। আর সালিম (রহঃ) বলেন, ইবনু উমর (রাঃ) বর্ণনা করেছেন যে, এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের মাঝে দাঁড়ালেন। প্রথমে তিনি আল্লাহ তাআলার যথাযথ প্রশংসা করলেন। তারপর দাজ্জাল সম্পর্কে উল্লেখ করলেন। আর বললেন, আমি তোমাদের দাজ্জাল থেকে সতর্ক করে দিচ্ছি। প্রত্যেক নবীই তার সম্প্রদায়কে দাজ্জাল সম্পর্কে সতর্ক করেছেন। নূহ (আলাইহিস সালাম) তাঁর সম্প্রদায়কেও দাজ্জাল সম্পর্কে সতর্ক করেছেন। কিন্তু আমি তোমাদেরকে তার সম্পর্কে এমন একটি কথা জানিয়ে দিব, যা কোন নবী তাঁর সম্প্রদায়কে জানান নি। তোমরা যেন রেখ যে, সে হবে কানা আর অবশ্যই আল্লাহ কানা নন।

হাদিস নং - ৩০৫৫, ৩০৫৬ ও ৩০৫৭

## **English**

Narrated Ibn 'Umar:

Umar and a group of the companions of the Prophet (ﷺ) set out with the



Prophet to Ibn Saiyad. He found him playing with some boys near the hillocks of Bani Maghala. Ibn Saiyad at that time was nearing his puberty. He did not notice (the Prophet's presence) till the Prophet () stroked him on the back with his hand and said, "Ibn Saiyad! Do you testify that I am Allah's Messenger ()?" Ibn Saiyad looked at him and said, "I testify that you are the Apostle of the illiterates."

Then Ibn Saiyad asked the Prophet. "Do you testify that I am the apostle of Allah?" The Prophet (﴿) said to him, "I believe in Allah and His Apostles." Then the Prophet (﴿) said (to Ibn Saiyad). "What do you see?" Ibn Saiyad replied, "True people and false ones visit me." The Prophet said, "Your mind is confused as to this matter." The Prophet (﴿) added, "I have kept something (in my mind) for you." Ibn Saiyad said, "It is Ad-Dukh." The Prophet (﴿) said (to him), "Shame be on you! You cannot cross your limits." On that 'Umar said, "O Allah's Messenger (﴿)! Allow me to chop his head off." The Prophet (﴿) said, "If he should be him (i.e. Ad-Dajjal) then you cannot overpower him, and should he not be him, then you are not going to benefit by murdering him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন